# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস

## ৬৮তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ জুন ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী - ১ ঃ* গত ১৫ মে ২০১৩ তারিখের একজিকিউটিভ কমিটির ৬৭তম সভার কার্যবিবরণীর কিছু কিছু বিষয়ে পুনরায় আলোচনা করা হয়। কার্যবিবরণী অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং মেজর আশরাফ কামাল (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ২ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের প্রয়োজনীয় সুবিধাদি বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের গ্রাউন্ড ফ্লোরে টয়লেট নির্মাণ ও কিচেন রুম পুনঃসংস্কার করার ব্যাপারে সিদ্ধান্ত হয়। | কনভেনশন সেন্টার সেবাপ্রদানকারী সংস্থা |
| *আলোচ্যসূচী - ৩ ঃ* ওয়ান স্টপ সার্ভিস সেন্টার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>*সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস ওয়ান স্টপ সার্ভিস সেন্টার নতুন নামকরণ করা হয় "Support Centre"। সিকিউরিটি ব্যারাকের যে কোন কর্ণারে Support Centre স্থাপন অথবা কমিউনিটি সেন্টারে Support Centre স্থাপনের বিষয়ে আলোচনা হয়। Support Centre বারিধারা ডিওএইচএস পরিষদের অফিস কক্ষে পরিচালনা করার সিদ্ধান্ত হয়। এখানে ২৪ ঘন্টা অফিস সহকারীর মাধ্যমে বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের তথ্য প্রদান করা হবে। অফিস সহকারীগণ টেলিফোন নাম্বার ৮৪১৩১১৯, ৮৪১২২১৬ বর্ধিত-১০৭ এর মাধ্যমে দায়িত্ব পালন করবেন। সকাল ০৭০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত একজন এবং ১৭০০ ঘটিকা হতে সকাল ০৭০০ ঘটিকা পর্যন্ত একজন অফিস সহকারী কর্তব্যরত থাকবে। সকাল ০৭০০ ঘটিকায় কর্তব্য পালন শেষে ১২০০ ঘটিকা পর্যন্ত বিশ্রাম নিয়ে অফিসের কাজে যোগ দেবেন। | ওয়ান স্টপ সার্ভিস কমিটি |
| *আলোচ্যসূচী - ৪ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল-৩ এ জিম এবং ক্যাফেটেরিয়া স্থাপনের বিষয়ে পর্ষদের কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।<br>*সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল-৩ এ জিম এবং ক্যাফেটেরিয়া পরিচালনার জন্য একটি বোর্ড গঠন করত: বিজ্ঞপ্তির মাধ্যমে ২৫ জুন ২০১৩ তারিখ দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত দরপত্র আহবান করা হয়। টেন্ডার কমিটি এ ব্যাপারে সকল কাজ সম্পাদন করত: ইসিকে অবহিত করবেন। | কনভেনার/ সদস্য কনভেনশন সেন্টার |
| *আলোচ্যসূচী - ৫ ঃ* লেঃ কর্ণেল মোঃ মনোয়ার হোসেন, বিবি (অবঃ) এর আবেদন পত্র প্লট মালিক ও ফ্ল্যাট মালিকদের মধ্যে কিছু কিছু সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>*সিদ্ধান্ত ঃ* আপত্তি না থাকলে প্লটের মালিকই ফ্ল্যাট ওনারস এসোসিয়েশনের সভাপতি হবেন। ১০৪ নং প্লটের মালিক ডিওএইচএস বারিধারায় অবস্থান না করে বর্তমানে নারায়নগঞ্জ অবস্থান করছেন বিধায় জরুরী অনেক সিদ্ধান্ত তাৎক্ষনিকভাবে নেয়ার প্রয়োজন দেখা দিলে তা অন্যান্য ফ্ল্যাট মালিকেরা টেলিফোনের মধ্যে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে পারেন। ডিওএইচএস বারিধারায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে হলে বাড়ীর প্লট মালিক ও সকল ফ্ল্যাট ওনারসদের মধ্যে সৌহার্দপূর্ণ পরিবেশ বজায় রাখতে হবে। ফ্ল্যাট মালিকেরা এমন কোন সিদ্ধান্ত নিতে পারবেন না যা প্লট মালিকের স্বার্থের পরিপন্থি হিসেবে বিবেচিত হতে পারে। প্লট মালিক লেঃ কর্ণেল মোঃ মনোয়ার হোসেন, বিবি (অবঃ) এর যদি এমন ধারনা হয়, অন্যান্য ফ্ল্যাট মালিকগণ তাঁর স্বার্থ বিরোধী কোন সিদ্ধান্ত নিচ্ছেন তাহলে বারিধারা ডিওএইচএস পরিষদকে অবহিত করলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৬ ঃ* লেঃ কর্ণেল আহমেদ আলী (অবঃ) এর আবেদন পত্রের প্রেক্ষিতে বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড়ে বিশ্রামের জায়গায় সেড নির্মাণ বাস্তব সম্মত হবে না মর্মে সকল সদস্য মতামত ব্যক্ত করেন। | সভাপতি/ সেক্রেটারী |

| | |
|---|---|
| ***আলোচ্যসূচী - ৭ ঃ*** বারিধারা ডিওএইচএস এলাকায় সিএসডি কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন দ্রব্য সামগ্রীর মান উন্নায়নের জন্য প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ, ঢাকা সেনানিবাস এর প্রেরিত পত্রের ব্যাপারে আলোচনা করা হয়। এ ব্যাপারে করণীয় সম্পর্কে পরবর্তী সভায় সিদ্ধান্ত নেয়া হবে। | সভাপতি/ সেক্রেটারি |
| ***আলোচ্যসূচী - ৮ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদ কর্মচারী, সিকিঃ গার্ড, মালী এবং ক্লিনারদের জমাকৃত টাকা হতে লোন প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>***সিদ্ধান্ত ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদের মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন সকল শ্রেনীর কর্মকর্তা কর্মচারীদের নিয়ে দরবার করবেন এবং সকলের মতামতের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | মেম্বার সিকি এন্ড এ্যাডমি |
| ***আলোচ্যসূচী - ৯ ঃ*** বারিধারা ডিওএইচএস এলাকায় মোবাইল টাওয়ার (বিটিএস) স্থাপন/অপসারণের জন্য বিষদ আলোচনা করা হয়।<br>***সিদ্ধান্ত ঃ*** অফিসার পর্ষদ কর্তৃক বোর্ড প্রসিডিং জমা দেয়ার পরে আরো আলোচনা করে পরবর্তী করনীয় নির্ধারণ করা হবে। | কনভেনার টেকনিক্যাল সাব-কমিটি |
| ***আলোচ্যসূচী - ১০ ঃ*** বাড়ীর মালিক/ফ্ল্যাট মালিক কর্তৃক গ্রাউন্ড ফ্লোর ও অফিস ভাড়া প্রদানের ক্ষেত্রে পরিষদ সাবস্ক্রিপশন প্রদান প্রসঙ্গে আলোচনা করা হয়।<br>***সিদ্ধান্ত ঃ*** ২৬০০ বর্গফুট (সিঙ্গেল ফ্লোর) অফিসের জন্য ১৫০০/- টাকা এবং ১০০০-১৩০০ বর্গফুট পর্যন্ত ১০০০/- টাকা ও ১০০০ বর্গফুট এর কম স্পেস এর জন্য ৫০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত নেয়া হয়। বসবাসের ধরন যাই হোক না কেন ফ্ল্যাটের সংখ্যা অনুযায়ী সাবসক্রিপশান প্রদান করতে হবে। গ্যারেজের সাথে (গ্রাউন্ড ফ্লোর) কোন অফিস থাকলে এবং তা যদি বাড়ীওয়ালা ব্যবহার করেন তাহলে সাবস্ক্রিপশন দিতে হবে না। উক্ত অফিস ভাড়া দেয়া হলে অফিসের আকার অনুযায়ী সাবসক্রিপশান প্রদান করতে হবে। | ট্রেজারার |
| ***আলোচ্যসূচী - ১১ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় ( Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসি মিটিং এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>***সিদ্ধান্ত ঃ*** সভায় সর্ব-সম্মতিক্রমে সকল ধরনের ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |
| ***আলোচ্যসূচী -১২ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদের সাব-কমিটি মিটিং রুম, লেডিস রুম, কনফারেন্স রুম এবং সভাপতির অফিসের জন্য আইপিএস ক্রয়ের বিষয়টি সভাপতি সকল ইসি সদস্যদের অবহিত করেন এবং সকল সদস্য ক্রয়টি অনুমোদন করেন। | সেক্রেটারী মেম্বার সিকি এন্ড এ্যাডমি |
| ***আলোচ্যসূচী -১৩ ঃ*** বারিধারা ডিওএইচএস চিলড্রেন পার্কে বিনোদনের জন্য কিছু অতিরিক্ত ইকুইপমেন্ট স্থাপনের ব্যাপারে আলোচনা করা হয় এবং ছেলেমেয়েদের বিনোদনের বিষয়টি বিবেচনা করে ২-৩টি খেলনা সামগ্রী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী মেম্বার সিকি এন্ড এ্যাডমি |
| ***আলোচ্যসূচী -১৪ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক এমআই রুম পরিচালনার জন্য মেডিকেল এ্যাসিসটেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। এমআই রুমটি অনেক দিন হতে ২জন ডাক্তার দ্বারা পরিচালিত হয়ে আসছে। বর্তমানে ডাক্তারদের সহযোগিতার জন্য যেমন- ব্লাড প্রেসার মাপা, পালস মাপা, সঠিক ভাবে ঔষধ বিতরণ করা ও এ্যাম্বুলেন্সে রোগীর সাথে হাসপাতালে গমন ইত্যাদি বিষয় বিবেচনা করে একজন মেডিকেল এ্যাসিসটেন্ট নিয়োগের ব্যাপারে সকলে একমত পোষন করেন। | সেক্রেটারী |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২২ জুন ২০১৩

লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ
ভারপ্রাপ্ত সেক্রেটারী
তারিখ ঃ ২২ জুন ২০১৩

কার্যক্রম ঃ